



# বার্ষিক প্রতিবেদন

## ২০১৪-২০১৫





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## রেলপথ মন্ত্রণালয়

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

রেলপথ মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৪-২০১৫



কমলাপুর রেলওয়ে স্টেশন, ঢাকা

**রেলপথ মন্ত্রণালয়**

www.mor.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন
## ২০১৪-২০১৫



কমলাপুর রেলওয়ে স্টেশন, ঢাকা

রেলপথ মন্ত্রণালয়
www.mor.gov.bd



মন্ত্রী
রেলপথ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৪ এবং 'রূপকল্প ২০২১' অনুযায়ী বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দূরদর্শী রাষ্ট্রনায়কোচিত ও সফল নেতৃত্বে রেলওয়ের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে রেলযোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বর্তমান সরকার কর্তৃক গৃহীত সকল পদক্ষেপ সর্বমহলে সমাদৃত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন দর্শন 'রূপকল্প ২০২১' এবং ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১১-২০১৫) আওতায় বাংলাদেশের যোগাযোগ ব্যবস্থায় গুরুত্ব বিবেচনা করে স্থল পরিবহন মাধ্যমসমূহের মধ্যে রেলপরিবহনকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে। এছাড়া, রেলপথকে একটি আধুনিক যোগাযোগ মাধ্যম হিসেবে গড়ে তোলার জন্য বর্তমান সরকার বাংলাদেশ রেলওয়ের জন্য ২০ বছর মেয়াদি (২০১০-২০৩০) একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করেছে। অনুমোদিত মাস্টার প্ল্যানে ৪টি পর্যায় বাস্তবায়নের জন্য ২৩৩৯৪৪.২১ কোটি টাকা ব্যয়ে ২৩৫টি প্রকল্প অন্তর্ভুক্ত করা হয়েছে। মহাপরিকল্পনা অনুযায়ী সরকার কর্তৃক গৃহীত এ সকল উন্নয়নমূলক কার্যক্রম সমাপ্ত হলে ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ রেলওয়ের সেবা ও গুণগতমান উন্নত দেশসমূহের রেল সেবার মানে উন্নীত হবে। এতে একদিকে বাংলাদেশ রেলওয়ের সেবার মান বহুগুণ বৃদ্ধি পাবে, রাজস্ব আহরণের পরিমাণ বাড়বে। পাশাপাশি, রেলওয়ে একটি গণমুখী, নিরাপদ, সাশ্রয়ী, পরিবেশবান্ধব ও আরামদায়ক গণপরিবহন প্রতিষ্ঠান হিসেবে যাত্রী সাধারণের কাঙ্ক্ষিত প্রত্যাশা পূরণে সক্ষম হবে মর্মে আশাবাদী।

উল্লেখ্য, ২০১৪-১৫ অর্থবছরে বাংলাদেশ রেলওয়েতে ৪৩টি বিনিয়োগ প্রকল্প এবং ৫টি কারিগরি সহায়তা প্রকল্প অর্থাৎ মোট ৪৮টি উন্নয়ন প্রকল্প চলমান ছিলো। এ প্রকল্পসমূহের বাস্তবায়নে চলতি অর্থবছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) ৩৪৪৯.৯৮ কোটি টাকা (জিওবি ২৪০০ কোটি টাকা এবং প্রকল্প ১০৪৯.৯৮ কোটি টাকা) বরাদ্দ প্রদান করা হয়েছে।

২০১৪-১৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে রেলওয়ে সেক্টরের উন্নয়ন কার্যক্রম এবং গৃহীত সকল চলমান প্রকল্প সম্পর্কে সংক্ষিপ্ত, সুস্পষ্ট ও সুনির্দিষ্ট ধারণা প্রদানের চেষ্টা করা হয়েছে।

আমি এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের সকল কর্মকর্তা-কর্মচারিকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাই।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

(মোঃ মুজিবুল হক এমপি)



সচিব
রেলপথ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিবারের মতো রেলপথ মন্ত্রণালয়ের ২০১৪-১৫ অর্থবছরে সম্পাদিত কর্মকাণ্ডের সামগ্রিক কর্মকাণ্ডভিত্তিক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। রেলযোগাযোগ ব্যবস্থার কাঠামোগত উন্নয়ন ও বহুমাত্রিক সেবার মান সম্প্রসারণের মাধ্যমে জনসাধারণকে কাঙ্ক্ষিত সেবা প্রদানের জন্য রেলপথ মন্ত্রণালয় নিরলস পরিশ্রম করে যাচ্ছে।

ভৌত যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন একটি জাতির আর্থ-সামাজিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করে। সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও প্রেক্ষিত পরিকল্পনায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনে বাংলাদেশ রেলওয়েকে একটি অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। বর্তমান সরকারের জনকল্যাণমূলক পদক্ষেপের অংশ হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সময়োপযোগী সিদ্ধান্তের ফলে ০৪ ডিসেম্বর ২০১১ তারিখে রেলপথ মন্ত্রণালয় গঠিত হয়। রেল পরিষেবার আওতায় নতুন রেলপথ নির্মাণ, ঢাকা-চট্টগ্রাম রেলওয়ে করিডোরকে ডাবল লাইনে উন্নীতকরণ, ঢাকা-টঙ্গী সেকশনে ৩য় ও ৪র্থ ডুয়েল গেজ লাইন এবং টঙ্গী-জয়দেবপুর সেকশনে ডুয়েলগেজ ডাবল লাইন নির্মাণ, রেলপথ পুনর্বাসন, স্টেশনসমূহের সিগন্যালিং ব্যবস্থার আধুনিকীকরণ, বিভিন্ন রুটে নতুন ট্রেন চালু ও ২টি ট্রেনের সার্ভিস বাড়ানো, শূন্য পদসমূহে নিয়োগ কার্যক্রম চলমান আছে। এছাড়া, এ অর্থবছরে ঢাকাসহ গুরুত্বপূর্ণ রেলস্টেশনে ওয়াইফাই সিস্টেম চালু করা হয়েছে এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ২০১৪-১৫ অর্থবছরে ১৪টি স্টেশনে সিসিটিভি স্থাপন করা হয়েছে।

রেলযোগাযোগ খাতের উন্নয়ন কর্মকান্ডসহ রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসনিক বিন্যাস, কর্মপদ্ধতি, গৃহীত প্রকল্পসমূহের বিবরণী, ভবিষ্যত কর্মপরিকল্পনা এবং এ সময়ে মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য সাফল্যসমূহের সংক্ষিপ্ত বিবরণ এ প্রতিবেদনে গ্রন্থিত হয়েছে। যা এ খাতের উন্নয়নের অভিযাত্রা সম্পর্কে জনসাধারণকে একটি সম্যক ধারণা দিতে সহায়ক হবে। এ প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন)

# সূচিপত্র


| | |
|---|---|
| • **রেলপথ মন্ত্রণালয়** | **০১** |
| ভূমিকা | ০২ |
| ভিশন ও মিশন | ০৪ |
| কর্মপরিধি | ০৫ |
| সাংগঠনিক কাঠামো | ০৬ |
| রেলপথ মন্ত্রণালয়ের শাখাসমূহ | ০৭ |
| কর্মবন্টন ও কর্মসম্পাদন | ০৮ |
| • **সরকারী রেল পরিদর্শন অধিদপ্তর** | **১৪** |
| সরকারী রেল পরিদর্শকের কর্মকাণ্ডের পরিধি | ১৫ |
| ২০১৪-২০১৫ অর্থবছরে সরকারী রেল পরিদর্শক কর্তৃক সম্পাদিত কার্যক্রম | ১৮ |
| • **বাংলাদেশ রেলওয়ে** | **১৯** |
| সংক্ষিপ্ত পরিচিতি | ২০ |
| সাংগঠনিক কাঠামো | ২২ |
| সিটিজেন চার্টার | ২৩ |
| জনবল কাঠামো | ২৮ |
| ২০১৪-২০১৫ সময়ে বাংলাদেশ রেলওয়ের উল্লেখযোগ্য কার্যক্রম ও সাফল্য | ২৯ |
| বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন প্রকল্পের জন্য উন্নয়ন সহযোগী/দাতা সংস্থার অর্থায়ন | ৩৭ |
| বাংলাদেশ রেলওয়ের ভবিষ্যৎ পরিকল্পনা | ৩৮ |
| Public Private Partnership (PPP) প্রকল্পের অগ্রগতি | ৫০ |
| ২০১৪-২০১৫ অর্থ বছরে বাংলাদেশ রেলওয়ের অনুমোদিত প্রকল্পসমূহ | ৫২ |
| ২০১৪-২০১৫ অর্থবছরে বাংলাদেশ রেলওয়ের চলমান প্রকল্প সমূহের অগ্রগতি | ৫৪ |
| গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি | ৫৯ |
| বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর হতে এ যাবৎ বাংলাদেশ রেলওয়ের অনুমোদিত নতুন প্রকল্প সমূহ | ৬৪ |
| আন্তর্জাতিক ও অভ্যন্তরীন রেল যোগাযোগ | ৭১ |
| ডিজিটাল কার্যক্রম | ৭৮ |
| বাংলাদেশ রেলওয়ের সংস্কার প্রকল্পের সার-সংক্ষেপ | ৮৩ |
| ঢাকা-কোলকাতার মধ্যে চলাচলরত মৈত্রী এক্সপ্রেসের তথ্যাদি | ৮৮ |
| বাংলাদেশ রেলওয়ের মাস্টার প্ল্যান | ৯০ |
| বাংলাদেশ রেলওয়ের ট্রেনের সময়সূচী | ১০২ |
| বাংলাদেশ রেলওয়ের তথ্য কণিকা-২০১৪ | ১১০ |
| রেল ভ্রমণে রবীন্দ্রনাথ-বাংলাদেশ রেলপথে (প্রবন্ধ) | ১১১ |
| হার্ডিঞ্জ ব্রীজের একশত বছর (ইতিহাস) | ১১৬ |
| বাংলাদেশ রেলওয়ের রুট নকশা | ১২০ |

## পৃষ্ঠপোষকতায়

**জনাব মোঃ মুজিবুল হক** এমপি
মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়

## সার্বিক নির্দেশনায়

জনাব মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন, সচিব, রেলপথ মন্ত্রণালয়

## প্রকাশনা কমিটি

| | |
|---|---|
| জনাব নিখিল চন্দ্র দাস, অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় | আহবায়ক |
| জনাব মুহাম্মদ আকবর হুসাইন, যুগ্ম-সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| জনাব সলিমুল্লাহ্ বাহার, অর্থনীতিবিদ, বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| সৈয়দ জহুরুল ইসলাম, পরিচালক (ট্রাফিক), উপ-সচিব, বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| বেগম নাজনীন আরা কেয়া, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিগন্যালিংসহ টঙ্গী-ভৈরববাজার ডাবল লাইন নির্মাণ প্রকল্প | সদস্য |
| জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| মীর তায়েফা সিদ্দিকা, সিনিয়র সহকারী সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য সচিব |

## প্রকাশনা কমিটিকে সহায়তা করেছেন

জনাব মোঃ আমজাদ হোসেন, মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
জনাব সাগর কৃষ্ণ চক্রবর্তী, মহাব্যবস্থাপক, টঙ্গী-ভৈরববাজার ডাবল লাইন প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে
জনাব মোঃ মাসুদ করিম, উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়
জনাব মোঃ আনোয়ারুল হক, প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে
জনাব এ কে এম জি কিবরিয়া মজুমদার, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
জনাব মোঃ রফিকুল ইসলাম, সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
জনাব এ.এন.এম জসীম উদ্দিন, মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
জনাব মোঃ এস.এন ইউসুফ, ব্যক্তিগত মিডিয়া সহকারী, রেলপথ মন্ত্রণালয়

## প্রকাশকাল

আগস্ট ২০১৬

## ডিজাইন ও মুদ্রণ

**মেঘমালা,** ৮৫ আরামবাগ, ঢাকা।

# রেলপথ মন্ত্রণালয়

# ভূমিকা

অর্থনৈতিক উন্নয়নের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি শর্ত হচ্ছে পরিবহণ ব্যবস্থা উন্নয়নের জন্য ভৌত ও প্রাতিষ্ঠানিক অবকাঠামো তৈরির পাশাপাশি নিরাপদ, সুলভ, যুগোপযোগী, প্রযুক্তি নির্ভর, পরিবেশবান্ধব সমন্বিত পরিবহণ ব্যবস্থা গড়ে তোলা। বর্তমান বিশ্বে স্থলযোগাযোগ ব্যবস্থায় যাত্রী ও মালামাল পরিবহণে নিরাপদ, অধিকতর আরামদায়ক, ব্যয়সাশ্রয়ী এবং পরিবেশবান্ধব মাধ্যম হিসেবে রেলওয়ে অধিক জনপ্রিয় এবং কার্যকর। বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশে বিশাল জনগোষ্ঠীর স্বল্প খরচে ও নিরাপদে দেশের বিভিন্ন অংশের সঙ্গে যোগাযোগের চাহিদা পূরণের ক্ষেত্রে গণপরিবহণ মাধ্যম হিসেবে রেলওয়ের গুরুত্ব অনেক বেশি। সাবেক ব্রিটিশ আমলে ভারতবর্ষে সর্বপ্রথম রেলযোগাযোগের সূচনার পর কালক্রমে ১৯৭১ সালে মহান স্বাধীনতার পর বাংলাদেশে রেলওয়ে দেশের অন্যতম প্রধান সরকারি পরিবহণ সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করে। কিন্তু স্বাধীনতা পরবর্তী সময়ে কার্যকরী ও বাস্তবভিত্তিক কোন পরিকল্পনা গ্রহণ না করায় স্বল্প বাজেট বরাদ্দ, অসমাপ্ত বিনিয়োগ ও সঠিক পরিকল্পনার অভাবে রেলওয়ে সম্প্রসারণ ও আধুনিকায়ন মন্থর হয়ে পড়ে। একই সাথে ঘন ঘন প্রাতিষ্ঠানিক কাঠামোর পরিবর্তন এবং জনবল ঘাটতির কারণে জনগণকে কাঙ্ক্ষিত সেবা প্রদান এবং রেলওয়ের নিয়মিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ কর্মকাণ্ড দারুণভাবে বিঘ্নিত হয়। রেলওয়ের সুষম ও সুসংহত উন্নয়নের স্বার্থে বর্তমান সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। যোগাযোগ ব্যবস্থায় রেল পরিবহনের প্রয়োজনীয়তা অনুধাবন করে 'রূপকল্প-২০২১' এবং ৬ষ্ঠ পঞ্চ-বার্ষিক পরিকল্পনার আওতায় রেলওয়েকে স্থল-পরিবহণ মাধ্যমসমূহের মধ্যে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে। বাংলাদেশে রেল যোগাযোগ ব্যবস্থা উন্নত হলে জনসাধারণের যাতায়াত সহজ হবে ও পরিবহণ ব্যয় বহুলাংশে হ্রাস পাবে, ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, শিল্পায়নের বিকেন্দ্রীকরণ ঘটবে এবং দারিদ্র্য হ্রাসসহ জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনে প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা রাখবে।

রেলপথ মন্ত্রণালয় ৪ ডিসেম্বর ২০১১ তারিখে স্বতন্ত্র একটি মন্ত্রণালয় হিসেবে গঠন করা হলেও রেল পরিবহণের ইতিহাস সুপ্রাচীন। কালের দীর্ঘ পথ পরিক্রমায় বিভিন্ন প্রশাসনিক সংস্কার ও অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম গ্রহণের ফলে বাংলাদেশের রেলওয়ে বর্তমান পর্যায়ে এসেছে।

নবগঠিত রেলপথ মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ রেলওয়ে যাত্রীসেবা নিশ্চিতকরণসহ সকল কার্যক্রম পরিচালনা করে থাকে। অভ্যন্তরীণ যোগাযোগের ক্ষেত্রে স্বল্প ব্যয়ে ও নিরাপদে অধিক সংখ্যক যাত্রী ও মালামাল পরিবহণে বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। মন্ত্রণালয় মূলতঃ বাংলাদেশ রেলওয়ের এবং রেল পরিবহণ ও নিরাপত্তা বিষয়ক নীতি নির্ধারণ ও কৌশল প্রণয়ন, উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণের বিষয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। এর পাশাপাশি আন্তর্জাতিক রেল নেটওয়ার্ক গড়ে তোলা, এ সংক্রান্ত চুক্তি সম্পাদন, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে রেল যোগাযোগ ব্যবস্থার সমন্বয় সাধন ইত্যাদি প্রচেষ্টাও অব্যাহত আছে। ট্রান্স এশিয়ান রেল-রুট, সার্ক রুট, বিমসটেক রুটসহ ট্রানজিট রুটসমূহের সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে বেশ কিছু কর্মসূচি চলমান রয়েছে এবং সম্প্রসারণের বিভিন্ন পরিকল্পনা ও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

বর্তমানে বাংলাদেশ রেলওয়ের ২৮৭৭ কিলোমিটার রেললাইন নেটওয়ার্ক দেশের ৪৪টি জেলাসহ প্রায় সব স্থানকেই সংযুক্ত করেছে, যা দেশের অর্থনৈতিক কর্মকান্ডে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তাছাড়া রেলওয়ের উন্নয়ন বর্তমানে ৪৮টি প্রকল্প চলমান আছে, যার মধ্যে ৪৩টি বিনিয়োগ ও ৫টি সহায়তা কারিগরী প্রকল্প। উক্ত প্রকল্পসমূহের আওতায় নতুন রেলপথ নির্মাণ, বিদ্যমান রেলপথ সংস্কার, কমিউটার ট্রেন, লোকোমোটিভ ও ওয়াগন সংগ্রহ, নতুন ট্রেন চালু করা, পার্টস ও মেশিনারী সংগ্রহ ইত্যাদি কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ সকল কার্যক্রম রেল পরিবহণ সেবার মানোন্নয়ন, আঞ্চলিক ও আন্তর্জাতিক রেল যোগাযোগ (ট্রান্স এশিয়ান রেল নেটওয়ার্ক, সার্ক নেটওয়ার্ক ইত্যাদি) এবং রেলওয়ের সামগ্রিক উন্নয়নসহ রাজধানী ঢাকার যানজট নিরসনে কার্যকর ভূমিকা রাখবে। দেশের সুষম উন্নয়ন নিশ্চিত করতে ও অর্থনৈতিক প্রবৃদ্ধির হার সমুন্নত রাখতে নিরাপদ ও সাশ্রয়ী যোগাযোগ ব্যবস্থা হিসেবে রেলওয়ের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রেল পরিসেবার মান কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত করার জন্য রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় কাজ করে যাচ্ছে।



মেঘনা রেলওয়ের সেতু পুনঃনির্মাণ-এর শুভ উদ্বোধনী অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (১৯৭৩)



## ভিশন স্টেটমেন্ট

একটি নিরাপদ, সাশ্রয়ী, আধুনিক ও পরিবেশবান্ধব রেলওয়ে পরিবহণ ব্যবস্থা।

## মিশন স্টেটমেন্ট

- রেলওয়ে পরিবহণ ব্যবস্থা আধুনিকায়নের মাধ্যমে দেশব্যাপী নিরাপদ সাশ্রয়ী, দক্ষ ও পরিবেশবান্ধব রেলওয়ে নেটওয়ার্ক গড়ে তোলা।




গণভবন থেকে সিগনালিংসহ টঙ্গী হতে ভৈরববাজার পর্যন্ত ডাবল লাইন শীর্ষক প্রকল্পের আওতায় নবনির্মিত দ্বিতীয় লাইনে ট্রেন চলাচলের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম রেললাইনে নবনির্মিত লাকসাম-চিনকি আস্তানা মিটারগেজ ডাবল লাইন ট্রেন সার্ভিসের শুভ উদ্বোধন, চট্টগ্রাম রেলওয়ে স্টেশন রিমডেলিং কাজের উদ্বোধন ও লাকসাম-আখাউড়া ডুয়েলগেজ ডাবল লাইনের শুভ উদ্বোধন করেন।

# কর্মপরিধি

**Allocation of Business অনুসারে রেলপথ মন্ত্রণালয়ের প্রধান কার্যাবলি ঃ**

- রেলওয়ে এবং রেল পরিবহণ ও নিরাপত্তা বিষয়ক নীতি নির্ধারণ ও কৌশল প্রণয়ন;
- বাংলাদেশ রেলওয়েসহ রেল সংক্রান্ত পরিবহণ মাধ্যমসমূহের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ;
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে রেলযোগাযোগ ব্যবস্থার সমন্বয় সাধন;
- রেল পরিবহণ সংক্রান্ত জরিপ ও পরিবীক্ষণ;
- রেল পরিবহণে নিরাপত্তা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- আন্তর্জাতিক রেলপরিবহণ ব্যবস্থা প্রতিষ্ঠা ও এ সংক্রান্ত চুক্তি সম্পাদন;
- বাংলাদেশ রেলওয়ের ভাড়া ও টোল নির্ধারণ এবং পুনর্নির্ধারণ;
- বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন ও বিনিয়োগ প্রোগ্রামসমূহ এবং রাজস্ব বাজেট সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা;
- বিসিএস (রেলওয়ে: ইঞ্জিনিয়ারিং) এবং বিসিএস (রেলওয়ে: পরিবহণ ও বানিজ্যিক) ক্যাডার-এর প্রশাসনিক কর্মকাণ্ড;
- মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অফিস ও সংস্থার প্রশাসনিক কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণ।




হার্ডিঞ্জ ব্রীজের শতবর্ষপূর্তি উপলক্ষে রাজধানীর হোটেল সোনারগাঁয়ে ব্রীজ নির্মাতা প্রতিষ্ঠান আইএবিএসই-জে এসসিই এর যৌথ উদ্যোগে দুইদিন ব্যাপী উন্মুক্ত আলোচনা সভার সমাপনী দিনে উপস্থিত প্রধান অতিথি মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত এম.পি ও বিশেষ অতিথি রেলপথ মন্ত্রী মোঃ মুজিবুল হক এমপি

# রেলপথ মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো (প্রস্তাবিত)


**যানবাহন ও অফিস সরঞ্জামঃ**

(ক) যানবাহন (অনুমোদিত)-০১ জীপ, ০৩-মইক্রোবাস, ০১- মোটর সাইকেল
(খ) অফিস সরঞ্জাম (প্রস্তাবিত)
০১-ফ্যাক্স সংযোগসহ আইএসডি টেলিফোন (পিএ সেট সহ), মাননীয় মন্ত্রীর দপ্তরের জন্য)
০১-ফ্যাক্স সংযোগসহ আইএসডি টেলিফোন (পিএ সেট সহ) (সচিব মহোদয়ের দপ্তরের জন্য)
০৫-ফ্যাক্স সংযোগসহ এনডব্লিউডি টেলিফোন সংযোগ (পিএ সেট সহ) (০৫টি অনুবিতা
৩৪ টি এনডব্লিউডি টেলিফোন
৮০-ইন্টারকম (সংযোগসহ)
২১-শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র
০৮-ফটো কপিয়ার
১০৯-কম্পিউটার (সিপিউ, মনিটর, স্ক্যানার, প্রিন্টার ও ইউপিএস সহ সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাংশ)

০৮-ল্যাপটপ
০২-ট্যাবলেট পিসি
০২-সার্ভার
০৪-রাউটার
০৮-সুইচ
০২-প্রজেক্টর
০১-পিএ সিস্টেম
০১-ভিডিও ক্যামেরা
০১- ডিজিটাল ক্যামেরা

১। বিদ্যমান পদসমূহ
২। প্রস্তাবিত পদসমূহ
(জনপ্রশাসন ও অর্থবিভাগের সম্মতির ভিত্তিতে)

| ক্রঃ নং- | পদের নাম | বিদ্যমান পদের সংখ্যা | প্রস্তাবিত পদ সংখ্যা | ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান পদের সখ্যা | প্রস্তাবিত.... মোট পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | সচিব | ০১ | ০১ | ১৩। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১ | ০১ |
| ২। | অতিরিক্ত সচিব | ০১ | ০১ | ১৪। | প্রশাসনিক কর্মকর্তা | ০৮ | ১৮ |
| ৩। | যুগ্ম-সচিব | ০২ | ০৪ | ১৫। | ব্যক্তিগত কর্মকর্তা | ০৯ | ১৫ |
| ৪। | উপ-সচিব | ০৪ | ০৮ | ১৬। | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৪ | ০৪ |
| ৫। | উপ-প্রধান | ০১ | ০১ | ১৭। | সহঃ হিসাব রক্ষক | ০১ | ০১ |
| ৬। | সহকারী সচিব/সিঃসহ সচিব | ০৯ | ১৯ | ১৮। | ক্যাশিয়ার | ০১ | ০১ |
| ৭। | সহকারী প্রধান/সিঃসহঃপ্রধান | ০২ | ০২ | ১৯। | কম্পিউটার অপারেটর | ০১ | ০৯ |
| ৮। | সিনিয়র সিস্টেম এনামেন্ট | - | ০১ | ২০। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ | ১৪ |
| ৯। | সিস্টেম এনালিষ্ট | ০১ | ০১ | ২১। | ডাটা এন্ট্রি অপারেটর | ০১ | ০১ |
| ১০। | প্রোগ্রামার | ০১ | ০১ | ২২। | ক্যাশ সরকার | ০১ | ০১ |
| ১১। | সহকারী প্রোগ্রামার | ০১ | ০২ | ২৩। | অফিস সহায়ক | ১৬ | ২৮ |
| ১২। | সহঃ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | - | ০১ | | সর্বমোট | ৭১ | ১৩৫ |



# রেলপথ মন্ত্রণালয়ের অধীনস্থ ডিপার্টমেন্ট সমূহ

রেলপথ মন্ত্রণালয়

- বাংলাদেশ রেলওয়ে
- সরকারী রেল পরিদর্শন অধিদপ্তর

## মন্ত্রণালয়ের জনবল

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| ০১ | সচিব | ১ |
| ০২ | অতিরিক্ত সচিব | ১ |
| ০৩ | যুগ্ম-সচিব | ২ |
| ০৪ | উপ-সচিব | ৪ |
| ০৫ | উপ-প্রধান | ১ |
| ০৬ | সহঃ সচিব/সিনিয়র সহঃ সচিব | ০৮ |
| ০৭ | সহঃ প্রধান/সিনিয়র সহঃ প্রধান | ০২ |
| ০৮ | সচিবের একান্ত সচিব | ০১ |
| ০৯ | প্রোগ্রামার | ০১ |
| ১০ | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১ |
| ১১ | প্রশাসনিক কর্মকর্তা | ০৮ |
| ১২ | ব্যক্তিগত কর্মকর্তা | ০৯ |
| ১৩ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ০৪ |
| ১৪ | কম্পিউটার অপারেটর | ০১ |
| ১৫ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ০৫ |
| ১৬ | ডাটা এন্ট্রি অপারেটর | ০১ |
| ১৭ | সহকারী হিসাব রক্ষক | ০১ |
| ১৮ | ক্যাশিয়ার | ০১ |
| ১৯ | ক্যাশ সরকার | ০১ |
| ২০ | এমএলএসএস | ১৬ |
| | সর্বমোট | ৬৯ |

# কর্মবণ্টন ও কর্মসম্পাদন

## প্রশাসন অনুবিভাগ

## প্রশাসন অধিশাখা

### প্রশাসন-১ শাখা

১. মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের সংস্থাপন ও প্রশাসন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম।
২. স্টোর এবং স্টেশনারী দ্রব্যাদি সংগ্রহ ও সরবরাহ।
৩. নন-গেজেটেড কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ ও এতদসংক্রান্ত অন্যান্য কার্যাদি।
৪. কর্মচারীদের বেতন ভাতা নির্ধারণ সংক্রান্ত কার্যাদি।
৫. মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের নিকট বিভিন্ন সরকারী আদেশ, আইন, বিধি বিধান পুন:প্রচার।
৬. মন্ত্রণালয়ের যানবাহন মেরামত, সংরক্ষণ, সংগ্রহ ও সরকারী - বেসরকারী কাজের জন্য বরাদ্দ।
৭. বিধিবদ্ধ আদেশ, প্রশাসনিক ও অর্থনৈতিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ।
৮. চিঠিপত্র গ্রহণ প্রেরণ ইউনিট সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।
৯. মাননীয় মন্ত্রী / প্রতিমন্ত্রীর অফিস ও অন্যান্য অফিসে আসবাবপত্র, যন্ত্রপাতি, কম্পিউটার সরবরাহ ও মেরামত সংক্রান্ত কাজ।
১০. মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন আগাম মঞ্জুরী ও অধীনস্থ দপ্তরের কর্মকর্তা - কর্মচারীদের গৃহ নির্মাণ, মোটর সাইকেল ও সাইকেল ক্রয় অগ্রিম সংক্রান্ত কার্যাবলী।
১১. মন্ত্রণালয়ের অফিসস্থান ও নন গেজেটেড কর্মচারীদের (অধীনস্থ দপ্তরের নন গেজেটেড কর্মচারীসহ) বাসস্থান সংক্রান্ত কার্যাদি।
১২. মন্ত্রণালয়ের টেলিফোন সংক্রান্ত যাবতীয় কার্যাদি।
১৩. মন্ত্রণালয়ের পদোন্নতি / নির্বাচিন কমিটি গঠন এবং কর্মকর্তাগণকে অধীনস্থ দপ্তরসমূহের বিভিন্ন কমিটিতে মনোনয়ন।
১৪. মন্ত্রণালয়ের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলী।
১৫. জাতীয় সংসদের কার্যাবলী সংক্রান্ত বিষয়ে কাউন্সিল কর্মকর্তা ও কাউন্সিল সহকারী এবং অন্যান্য কর্মচারীদের নিয়োগ।
১৬. মন্ত্রণালয়ের কর্মচারীদের প্রশিক্ষণ।
১৭. কমডেমনেশন কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যাদি।
১৮. মন্ত্রণালয়ের কর্মবণ্টন এবং মন্ত্রণালয়ের অবশিষ্ট কার্যাদি।
১৯. বাংলাদেশ রেলওয়ের ১ম শ্রেণীর কর্মকর্তাদের/ক্যাডার কর্মকর্তাদের নিয়োগ, বদলী, পদোন্নতি, অবসর, ছুটি, গৃহ নির্মাণ ও মোটরযান অগ্রিম মঞ্জুর ও অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলী।
২০. বাংলাদেশ রেলওয়ের ১ম শ্রেণীর কর্মকর্তাদের / ক্যাডার কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন সংরক্ষণ ও মূল্যায়ন বিষয়ক কার্যাবলী।
২১. বাংলাদেশ রেলওয়ে / রেলপথ পরিদর্শন অধিদপ্তরের প্রথম শ্রেণীর কর্মকর্তাদের সিলেকশন গ্রেড, টাইমস্কেল ইত্যাদি সংক্রান্ত কার্যাদি।
২২. মন্ত্রণালয়ের বাজেট প্রণয়ন এবং এমটিবিএফ সংক্রান্ত কার্যাদি।
২৩. যে সকল পত্রাদি কোন শাখার সাথে সম্পৃক্ত নয় সে সকল পত্রের বিষয়ে সিদ্ধান্ত প্রদান।

## প্রশাসন ২ শাখা

১. মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।
২. জনসাধারণের নিকট হতে প্রাপ্ত বিভিন্ন আবেদন, পেপার কাটিং এবং রাষ্ট্রপতির সচিবালয় / বিভিন্ন মন্ত্রণালয় হতে প্রাপ্ত সাধারণ প্রশাসনিক বিষয়াদি।
৩. মন্ত্রণালয়ের বাৎসরিক তথ্য ও অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ, একত্রীকরণ ও প্রকাশ।
৪. মন্ত্রণালয়ের মাসিক / বাৎসরিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।
৫. মাসিক সমন্বয় সভার আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত কার্যাদি।
৬. মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং অধীনস্থ দপ্তর / সংস্থার কর্মকর্তা / কর্মচারীদের দেশে ও বিদেশে প্রশিক্ষণ।
৭. মন্ত্রণালয়ের কর্মকর্তা / অধীনস্থ দপ্তর / সংস্থার কর্মকর্তাদের বিদেশে চাকরী / প্রেষণে নিয়োগ ও দেশ / বিদেশ ভ্রমণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম।
৮. কনফারেন্স, সেমিনার ও আন্তর্জাতিক সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজনের কার্যক্রম।
৯. আন্ত:মন্ত্রণালয় / বিভাগ / দপ্তর সংক্রান্ত কাজের সমন্বয়।
১০. আন্তর্জাতিক রেলপরিবহণ সংক্রান্ত কার্যক্রম।
১১. বাংলাদেশ - ভারত, নেপালসহ অন্যান্য দেশের মধ্যে রেল চলাচল/ট্রানজিট সংক্রান্ত বিষয়াদি।
১২. বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ১ম শ্রেণীর (ক্যাডার ও নন ক্যাডার) কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগের উপর তদন্ত রিপোর্ট আনয়ন ও তা পরীক্ষা-নিরীক্ষাকরত: তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা এবং শুনানী গ্রহণপূর্বক বিষয়টি সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কিত নথি ব্যবস্থাপনা।
১৩. শাস্তিপ্রাপ্ত কর্মকর্তা - কর্মচারীদের আপীলের উপর চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান সংক্রান্ত কাজ।
১৪. অভিযুক্ত কর্মকর্তাদের বিভাগীয় তদন্তের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম গ্রহণ ও বিধি মোতাবেক যাবতীয় কার্যাবলি ব্যবস্থাপনা।
১৫. বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ সম্পর্কিত কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ।
১৬. বাংলাদেশ রেলওয়ের দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের টাইমস্কেল, সিলেকশনগ্রেড প্রদান সংক্রান্ত কার্যাবলী।

## প্রশাসন-৩ শাখা:

০১. বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ১ম শ্রেণীর (ক্যাডার ও নন ক্যাডার) কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগের উপর তদন্ত রিপোর্ট আনয়ন ও তা পরীক্ষা-নিরীক্ষাকরত: তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা এবং শুনানী গ্রহণপূর্বক বিষয়টি সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কিত নথি ব্যবস্থাপনা।
০২. বিভাগীয় মামলায় শাস্তিপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের আপীলের উপর চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান সংক্রান্ত কাজ।
০৩. অভিযুক্ত কর্মকর্তাদের বিভাগীয় তদন্তের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম গ্রহণ ও বিধি মোতাবেক যাবতীয় কার্যাবলির ব্যবস্থাপনা।
০৪. বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ সম্পর্কিত কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ।
০৫. জনসাধারণের নিকট হতে প্রাপ্ত বিভিন্ন আবেদন, পেপার কাটিং এবং রাষ্ট্রপতির সচিবালয় / বিভিন্ন মন্ত্রণালয় হতে প্রাপ্ত সাধারণ প্রশাসনিক বিষয়াদি।

# ভূমি ও অডিট অধিশাখা

## ভূমি শাখা ঃ

১. বাংলাদেশ রেলওয়ে ভূ-সম্পত্তির হালনাগাদ রেকর্ড সংরক্ষণ, উদ্ধার, ইজারা, বিক্রি ও বরাদ্দ সম্পর্কিত কার্যাদি।
২. বাংলাদেশ রেলওয়ের ভূমিতে সিএনজি স্টেশন ও কানভার্সন কারখানা স্থাপনের নিমিত্ত লীজ সংক্রান্ত যাবতীয় কার্যাদি।
৩. রেলভূমির রক্ষণাবেক্ষণ এবং অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত কার্যক্রম।
৪. সরকারি সংস্থার প্রয়োজনে রেলভূমি বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম।
৫. রেলভূমি ব্যবস্থাপনার জন্য নীতিমালা হালনাগাদকরণ ও প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম।
৬. রেল ভূমিতে বিজ্ঞাপন ও বিল বোর্ড লীজ সংক্রান্ত কার্যক্রম।
৭. রেল ভূমি সংক্রান্ত মামলা মোকদ্দমার মনিটরিং এবং এ্যাটর্নী জেনারেল-এর দপ্তরে যোগাযোগ রক্ষা সংক্রান্ত কার্যক্রম।
৮. রেল ভূমি সংক্রান্ত মোকদ্দমায় বিভিন্ন আদালত-এর কনটেম্প্ট অব কোর্ট প্রসিডিং সংক্রান্ত কার্যক্রম।

## অডিট শাখা ঃ

১. মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের অডিট আপত্তি সংক্রান্ত যাবতীয় কার্যাদি।
২. মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর / সংস্থাসমূহের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি ও সাব-কমিটির কার্যক্রম সম্পর্কিত।
৩. দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহের নিষ্পত্তিকরণ।
৪. প্রয়োজন অনুসারে ও নিয়মিতভাবে মন্ত্রণালয়ের ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভার আয়োজন ও অডিট আপত্তি নিষ্পত্তিকরণের সুপারিশ প্রণয়ন।
৫. মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তির ত্রৈমাসিক /ষান্মাসিক / বার্ষিক প্রতিবেদন প্রেরণ।
৬. জাতীয় সংসদের পাবলিক একাউন্টস কমিটির কার্যক্রম সংক্রান্ত কার্যাদি।
৭. জাতীয় সংসদের কার্যাবলী (কাউন্সিল অফিসার)।
৮. জাতীয় সংসদের রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সমন্বয় সংক্রান্ত কার্যাদি।



মাননীয় মন্ত্রী রেলপথ মন্ত্রণালয়ের উপস্থিতিতে রেলপথ মন্ত্রণালয় এবং
বাংলাদেশ রেলওয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

## আইন অধিশাখা

০১। মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশন ও আপীলেট ডিভিশনে সরকারের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলা প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী ;

০২। প্রশসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে সরকারের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলা প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;

০৩। অধঃস্তন আদালতে সরকারের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলা প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;

০৪। দেশী ও আন্তর্জাতিক আরবিট্রেশন আদালতে সরকারের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলা প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;

০৫। রেলপথ মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থার পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত সকল শ্রেণির মামলা প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;

০৬। সকল শ্রেণির মামলার বিষয়ে প্রয়োজনে আইন ও বিচার বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, সলিসিটর উইং, এটর্নি জেনারেল অফিস ও নিয়োজিত সরকারি কৌসুলীর সাথে যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন করা;

০৭। প্যানেল আইনজীবী নিয়োগ ও ফি প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

০৮। অতীব গুরুত্বপূর্ণ মামলায় সরকারি এটর্ণি/লিগ্যাল এ্যাডভাইজার ছাড়াও অভিজ্ঞতাসম্পন্ন বেসরকারি সিনিয়র আইনজীবী নিয়োগ ও ফি প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

০৯। সকল শ্রেণির আদালতে রিপোর্ট, রিটার্ন, প্রতিবেদন ইত্যাদি প্রস্তুতকরণ ও দাখিল সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

১০। রেলপথ মন্ত্রণালয়ের বিভিন্ন বিষয়ে আইনগত মতামত প্রদান;

১১। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত খসড়া আইন, বিধিমালা, নীতিমালা ইত্যাদির ওপর মতামত প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

১২। রেলপথ মন্ত্রণালয় ও অধিনস্থ কর্তৃপক্ষ/অধিদপ্তর/সংস্থার পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত সকল শ্রেণীর মামলার উপাত্তের ডাটাবেজ প্রস্তুতকরণ, সংরক্ষণ, উপস্থাপন ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

১৩। কজ লিস্ট সংগ্রহ এবং সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ;

১৪। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রশাসনিক শাখা/দপ্তর হতে খসড়া জবাব সংগ্রহপূর্বক রেলপথ মন্ত্রণালয়ের আইনজীবীর মাধ্যমে পরীক্ষা করে আদালতে দাখিল করা;

১৫। মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের সাথে সম্পর্কিত বিষয়ে আইন ও বিধি প্রণয়ন/সংশোধন সম্পর্কিত বিষয়;

১৬। আদালত অবমাননা সংক্রান্ত মামলার কার্যক্রম;

১৭। দ্বিপাক্ষিক/ত্রিপাক্ষিক অভ্যন্তরীণ/আন্তর্জাতিক চুক্তি সম্পাদন, বাস্তবায়ন প্রভৃতি সংক্রান্ত কার্যাবলি;

১৮। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলি।

## উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ

### উন্নয়ন-১ শাখা

১. এডিবি, বিশ্বব্যাংক, জাপান, জাইকা, ডিএফআইডি, কানাডিয়ান সিডা, সুইডিশ সিডা, নোরাড, ইরান, দক্ষিণ কোরিয়া ও কুয়েতসহ অন্যান্য উন্নয়ন সহযোগী দেশ ও সংস্থার অর্থায়নে সাহায্যপুষ্ট বাংলাদেশ রেলওয়ের বিনিয়োগ ও কারিগরী সহায়তা প্রকল্পসমূহের বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।

২. মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ।

৩. বাংলাদেশ রেওলয়ের প্রকল্পসমূহের জন্য পরামর্শক নিয়োগ/প্রতিস্থাপন সংক্রান্ত কার্যাবলী।

৪. বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় সকল ক্রয় কার্যাদি প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন ও ভেরিয়েশন সংক্রান্ত কার্যাদি।

৫. উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার অর্থায়নে গৃহীতব্য নতুন প্রকল্প গ্রহণ সংক্রান্ত বিষয়াবলীর কার্যক্রম সমন্বয়সহ অন্যান্য কার্যাবলী।

৬. উন্নয়ন প্রকল্পসমূহ ও রেলওয়ের অন্যান্য বিষয়ে জাতীয় সংসদে উত্থাপিত যাবতীয় কার্যক্রম।

৭. পিপিপি'র আওতায় গৃহীত প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণ ও বাস্তবায়ন তদারকীকরণ।

৮. উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত কার্যাবলী।

৯. অভিযোগ সংক্রান্ত।

### উন্নয়ন-২ শাখা

১. প্রকল্পসমূহের জন্য জমি অধিগ্রহণ ও অব্যবহৃত জমি ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রম সম্পর্কিত কার্যাবলী।

২. বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় জনবল নিয়োগ ও পদ সংরক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।

৩. বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় প্রকল্প পরিচালক নিয়োগ, বদলী/পদায়ন, অব্যাহতি সংক্রান্ত যাবতীয় কাজ।

৪. উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ ছাড়করণ সংক্রান্ত বিষয়াদি।

৫. সালিশী ব্যতিরেকে শাখার সাথে সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্পের আওতাধীন ঠিকাদারের যাবতীয় অমীমাংসিত বিষয়াদি নিষ্পত্তিকরণের কার্যাবলী।

৬. সংশ্লিষ্ট অনুমোদিত প্রকল্পসমূহের পিপি অনুযায়ী পদ সৃষ্টি এবং প্রকল্প বাস্তবায়নাধীনকালে পদসমূহের বাৎসরিক ভিত্তিতে সংরক্ষণের কার্যাবলী।

৭. বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণ এবং প্রকল্প সংক্রান্ত ভিজিট প্রক্রিয়াকরণ।

৮. উন্নয়ন প্রকল্পাধীন পদসমূহ রাজস্ব খাতে স্থানান্তর সংক্রান্ত কার্যাবলী।

৯. অভিযোগ সংক্রান্ত।

# পরিকল্পনা অধিশাখা

## পরিকল্পনা শাখা - ১

১. রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের আওতায় বাস্তবায়নাধীন/বাস্তবায়িতব্য বৈদেশিক সহায়তা পুষ্ট বিনিয়োগ প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ, সংশোধন, প্রশাসনিক অনুমোদন, মেয়াদ বৃদ্ধি, বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন।
২. উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ ও উন্নয়ন প্রকল্প সংক্রান্ত চুক্তি প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন ও প্রাথমিক কার্যাবলী সম্পাদন।
৩. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংস্থা হতে প্রাপ্ত ডিপিপি ও পিপিপি'র উপর মতামত প্রদান।
৪. এ শাখা সংশ্লিষ্ট প্রকল্প সমাপ্তির পর প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী ও Fllow up।
৫. এ শাখার আওতাধীন উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে পরিকল্পনা কমিশন, আইএমইডি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, একনেক এবং এনইসি-এর চাহিদা মোতাবেক যাবতীয় কার্যাবলী সম্পাদন।
৬. এ শাখার আওতাধীন প্রকল্পসমূহের ডিপিইসি, পিইসি, ডিএসপিইসি, এসপিইসি, স্টিয়ারিং কমিটির সভাসমূহের জন্য প্রয়োজনীয় যাবতীয় কার্যাবলী।
৭. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত আইনানুগ দায়িত্ব/নির্দেশাবলী পালন।

## পরিকল্পনা শাখা-২

১. রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের আওতায় বাস্তবায়নাধীন / বাস্তবায়িতব্য সম্পূর্ণ জিওবি অর্থায়নের বিনিয়োগ প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ, সংশোধন, প্রশাসনিক অনুমোদন, মেয়াদ বৃদ্ধি, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন।
২. এ শাখার আওতাধীন উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে পরিকল্পনা কমিশন, আইএমইডি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, একনেক এবং এনইসি-এর চাহিদা মোতাবেক যাবতীয় কার্যাবলী।
৩. মাসিক উন্নয়ন প্রকল্প পর্যালোচনা সভা আয়োজন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।
৪. এডিপিভুক্ত বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন প্রকল্পের উপযোজন / পুনঃউপযোজন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।
৫. মন্ত্রণালয়ের এডিপি/সংশোধিত এডিপি ও এমটিবিএফ (উন্নয়ন অংশ) প্রণয়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন ও সমন্বয় সাধন করা।
৬. দেশের দীর্ঘ, মধ্য ও স্বল্প মেয়াদী পরিকল্পনার আলোকে রেলপথের অগ্রাধিকারভুক্ত প্রকল্প সমীক্ষা সম্পন্ন করে বিনিয়োগযোগ্য প্রকল্প প্রণয়ন।
৭. প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি/প্রতিবেদন প্রেরণ।
৮. এ শাখা সংশ্লিষ্ট প্রকল্প সমাপ্তির পর প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।
৯. এ শাখার আওতাধীন প্রকল্পসমূহের ডিপিইসি, পিইসি, ডিএসপিইসি, এসপিইসি, স্টিয়ারিং কমিটির সভাসমূহের জন্য প্রয়োজনীয় যাবতীয় কার্যাবলী।
১০. উন্নয়ন পরিকল্পনা / প্রকল্প সংক্রান্ত বিভিন্ন আন্তঃমন্ত্রণালয় সভায় যোগদানের জন্য কর্মকর্তার মনোনয়ন প্রক্রিয়াকরণ।
১১. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত আইনানুগ দায়িত্ব/নির্দেশাবলী প্রণয়ন।